দৈনিক সংবাদ

তারিখ ... 03 JUN 1998 ...
পৃষ্ঠা ১ কলাম ৮

# বুয়েট ঃ উপাচার্য স্বপদে বহাল আছেন, জট খুলছে ধীরে

(বুয়েট সংবাদদাতা)

অবশেষে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ নিয়ে সকল জল্পনা-কল্পনার অবসান হয়েছে। উপাচার্য প্রফেসর ইকবাল মাহমুদ জানিয়েছেন তিনি স্ব-পদে সম্মানে বহাল রয়েছেন। গতকাল রোববার এক ঘরোয়া পরিবেশে শিক্ষকদের উদ্দেশে নিজের অবস্থান সম্পর্কে ব্যাখ্যা করতে গিয়ে প্রফেসর ইকবাল মাহমুদ এ কথা ব্যক্ত করেছেন।

একজন শিক্ষক জানান, প্রফেসর ইকবাল মাহমুদ বুয়েটের চ্যান্সের ও প্রধানমন্ত্রীর এক দপ্তরের সঙ্গে যোগাযোগ করে নিজের অবস্থান সম্পর্কে অবগত হন।

প্রফেসর ইকবাল মাহমুদ শিক্ষকদের

বুয়েট ঃ পৃঃ ১১ কঃ ৬

## বুয়েট ঃ জট খুলছে

(১ম পৃষ্ঠার পর)

ধর্মবিরতি প্রত্যাহার করে ক্লাস শুরু করার জন্য আহ্বান জানান।

এ ব্যাপারে উপাচার্যের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি কোন কথা বলতে অস্বীকৃতি জানান। আজ সোমবার প্রফেসর ইকবাল মাহমুদ বিভিন্ন হলের সহকারী প্রভোস্টদের সাথে এক আলোচনায় বসবেন বলে জানা গেছে।

বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগীয় প্রধান এবং বিভিন্ন প্রশাসনিক পদের কর্মকর্তাদের পদত্যাগপত্র গৃহীত না হওয়ায় তারা প্রশাসনিক কার্যক্রম শুরু করেছেন।

শিক্ষক সমিতি আজ সোমবার এক সাধারণ সভায় শিক্ষক সমিতির আন্দোলন এবং ধর্মঘট প্রত্যাহার করে ক্লাস শুরু করার ব্যাপারে সিদ্ধান্ত নেবে বলে জানা গেছে।